ইলিয়ড।

প্রথম অধ্যায়।

সংক্ষেপ বিবরণ।

গ্রীক দেশীয় এট্রাইডিস রাজার ভ্রাতৃবধূকে ট্রয়দেশীয় প্রায়েম রাজার পুত্র প্যারিস্ হরণ করিয়া স্বদেশে গমন করেন। তাহাকে উদ্ধার করণার্থে এট্রাইডিস্ রাজা অন্যান্য কতিপয় ভূপতি অর্থাৎ থেসেলিয়াধিপতি মহাবীর্য্যশালী এক্লিস্ প্রভৃতি সমভিব্যাহারে লইয়া অর্ণবযান আরোহণ করিয়া যুদ্ধ করিতে যাত্রা করেন। পথিমধ্যে লির্নেসস্ নগর লুণ্ঠন করিয়া প্রচুর ধনরত্নাদি এবং ক্রিসেইস্ ও ব্রাসীস্ নাম্নী রমণী প্রাপ্ত হইয়া ক্রিসেইস্ সুন্দরীকে রাজা ও ব্রাসীস্ সুন্দরীকে এক্লিস্ গ্রহণ করেন; ক্রিসেইসকে উদ্ধার করিতে তাহার পিতা রাজার নিকটে আইসেন। কিন্তু তিনি রাজকর্ত্তৃক অপমানিত হইয়া স্বীয় আপলো দেবের আরাধনা করেন। তাহাতে নৃপকটকে মারীভয় উপস্থিত হয় তন্নিবারণার্থে এট্রাইডিস্ রাজা বহুবাদানুবাদানন্তর ক্রিসেইসকে তাহার পিতৃসন্নিধানে প্রেরণ করিয়া এক্লিসের উক্তা জয়লব্ধা ব্রাসীসকে গ্রহণ করেন। এক্লিস্ অপমানিত হইয়া আপন জননী থিটিস্ দেবীর নিকট মনোদুঃখ আবেদন করেন। পুত্র দুঃখার্ত্তা থিটিস্ দেবী ভগবান জোব সমীপে গমন করিয়া কহেন আপনি আমার

পুত্রকে এই স্বীকার করিয়া অল্প পরমায়ু প্রদান করিয়া-
ছেন যে যাবজ্জীবন মান পূর্ব্বক কাল যাপন করিবেক কিন্তু
এইক্ষণে অপমানিত হইয়াছে অতএব আপনি, গ্রীক্দিগকে
বিপদগ্রস্ত করিয়া মান রক্ষা করুন। ভগবান্ জোব
স্বীকৃত হওনে তাঁহার পত্নী জুনোদেবীর সহিত বিবাদ
উপস্থিত হয়, তাঁহাদিগের পুত্র বল্ক্যান জুনোদেবীকে
সান্ত্বনা করিয়া বিবাদ ভঞ্জন করেন।

THE ILIAD.

BOOK I.

THE ARGUMENT.

THE CONTENTION OF ACHILLES AND AGAMEMNON.

In the war of Troy, the Greeks, having sacked some of the neighbouring towns, and taken thence two beautiful captives, Chryseïs, and Briseïs, allotted the first to Agamemnon, and the last to Achilles. Chryses, the father of Chryseïs, and priest of Apollo, comes to the Grecian camp to ransom her; with which the action of the poem opens, in the tenth year of the siege. The priest being refused, and insolently dismissed by Agamemnon, entreats for vengeance from his god, who inflicts a pestilence on the Greeks. Achilles calls a council, and encourages Chalcas to declare the cause of it, who attributes it to the refusal of Chryseïs. The king being obliged to send back his captive, enters into a furious contest with Achilles, which Nestor pacifies; however, as he had the absolute command of the army he seizes on Briseïs in revenge. Achilles in discontent withdraws himself and his forces from the rest of the Greeks; and, complaining to Thetis, she supplicates Jupiter to render them sensible of the wrong done to her son, by giving victory to the Trojans. Jupiter, granting her suit, incenses Juno, between whom the debate runs high, till they are reconciled by the address of Vulcan.

The time of two-and-twenty days is taken up in this book: nine during the plague, one in the council and quarrel of the princes, and twelve for Jupiter's stay with the Æthiopians, at whose return Thetis prefers her petition. The scene lies in the Grecian camp, then changes to Chrysa and lastly to Olympus.

BOOK I.

Achilles' wrath, to Greece the direful spring
Of woes unnumber'd, heavenly goddess sing!
That wrath which hurl'd to Pluto's gloomy reign
The souls of mighty chiefs untimely slain;
Whose limbs unburied on the naked shore,
Devouring dogs and hungry vultures tore;
Since great Achilles and Atrides strove,
Such was the sovereign doom, and such the
will of Jove!

Declare, o Muse! in what ill-fated hour
Sprung the fierce strife, from what offended
power? 10
Latona's son a dire contagion spread,
And heap'd the camp with mountains of the dead;
The king of men his reverend priest defied,
And for the king's offence the people died.

For Chryses sought with costly gifts to gain
His captive daughter from the victor's chain.

ইলিয়ড।

১ম অধ্যায়।

এক্লিসের ক্রোধ দেবি কর গো প্রচার।
যে কারণে গ্রীকগণে বিপদ অপার॥
অকালে যতেক বীর প্রধান প্রধান।
যমালয়ে গেল তারা ত্যজিয়া পরাণ॥
সমুদ্রের তটে অঙ্গ পড়িয়া রহিল।
কুক্কুর শকুনি আসি ভক্ষণ করিল॥
এক্লিস এট্রাইডিস করিল যে দ্বন্দ্ব।
সকলি ঈশ্বর ইচ্ছা বিধির নির্ব্বন্ধ॥
কি কুক্ষণে কোন দেব কুপিত হইয়া।
বিবাদ ঘটাল দেবি কহ বিবরিয়া॥ ১০
মারিভয় করিলেক লেটোনা সন্তান।
শিবিরেতে শব রাশি পর্ব্বত সমান॥
পূজ্য পুরোহিতে নৃপ অবজ্ঞা করিল।
রাজার দোষেতে ধ্বংস প্রজারা হইল॥
ক্রুসেস লইল সঙ্গে বহুমূল্য ধন।
জয়ি-রুদ্ধ নিজ সুতা উদ্ধার কারণ॥

Suppliant the venerable father stands,
Apollo's awful ensigns grace his hands:
By these he begs; and lowly bending down,
Extends the sceptre and the laurel crown, 20
He sued to all, but chief implor'd for grace
The brother-kings of Atreus' royal race.

Ye kings and warriors! may your vows be
crown'd,
And Troy's proud walls lie level with the ground;
May Jove restore you, when your toils are o'er,
Safe to the pleasures of your native shore;
But oh! relieve a wretched parent's pain,
And give Chryseis to these arms again;
If mercy fail, yet let my presents move,
And dread avenging Phœbus, son of Jove. 30

The Greeks in shouts their joint assent declare,
The priest to reverence, and release the fair.
Not so Atrides: he, with kingly pride,
Repuls'd the sacred sire, and thus replied:

Hence, on thy life, and fly these hostile plains,

তদর্থে দাঁড়াল আসি পিতা মান্যবর।
আপলো ভীষণ চিহ্নে সুশোভিত কর॥
প্রার্থিলেক ভেট দিয়া নত হয়ে কায়।
কিরীট কনক দণ্ড রাখিল তথায়॥ ২০
সাধে সবাকারে কিন্তু বিশেষ বিনয়ে।
এট্রিয়স কুলোদ্ভব ভ্রাতৃ নৃপদ্বয়ে॥
শুন নৃপ যোদ্ধাগণ বাঞ্ছা হবে
পূর্ণ।
সমভূমি হবে ট্রয় দর্প হবে চূর্ণ॥
শ্রম অবসান হৈলে ঈশ্বর কৃপায়।
কুতূহলে নিজালয়ে যাবে পুনরায়॥
ক্রসেইস সুতা মোরে করিয়া অর্পণ।
অভাগ্য পিতার দুঃখ কর নিবারণ॥
কৃপাভাবে ভেট লয়ে হওহে সদয়।
জোব সুত আক্রোশী ফীবসে কর ভয়॥ ৩০
সম্মত হইল সবে জয়ধ্বনি করি।
ঋত্বিকের মান রাখি ছাড়িতে সুন্দরী॥
কিন্তু রাজা অহঙ্কারে উন্মত্ত হইয়া।
কটুবাক্য কহি তাঁরে দিল তাড়াইয়া॥
রণ হৈতে প্রাণ লয়ে কর পলায়ন।

Nor ask, presumptuous, what the king detains;
Hence, with thy laurel crown and golden rod,
Nor trust too far those ensigns of thy god.
Mine is thy daughter, priest, and shall remain;
And prayers, and tears, and bribes, shall plead
in vain: 40
'Till time shall rifle every youthful grace,
And age dismiss her from my cold embrace,
In daily labours of the loom employ'd,
Or doom'd to deck the bed she once enjoy'd:
Hence then, to Argos shall the maid retire,
Far from her native soil and weeping sire.
The trembling priest along the shore return'd,
And in the anguish of a father, mourn'd.
Disconsolate, not daring to complain,
Silent he wander'd by the sounding main:
Till, safe at distance, to his god he prays,
The god who darts around the world his rays,
O Smintheus! sprung from fair Latona's line,
Thou guardian power of Cilla the divine,

না করিও স্পর্দ্ধা এত লৈতে নৃপধন ॥
মুকুট কনক দণ্ড রাখহ অন্তর।
তব দেব চিহ্নে এত না কর নির্ভর ॥
তব সুতা মম বস্তু মম সঙ্গে রবে।
নিবেদন রোদন তোষণ বৃথা
হবে ॥ ৪০
যৌবন লাবণ্য তার না রবে যখন।
বিতৃষ্ণা হইবে নাহি করিব গ্রহণ ॥
প্রত্যহ কাটিতে তন্ত নিযুক্ত হইবে।
যে শয্যা করিত ভোগ তাহা সাজাইবে ॥
অবশেষে আরগসে প্রেরিত হইবে।
জন্মভূমি ক্ষুব্ধ পিতা দূরেতে রহিবে ॥
পুরোহিত সুতাশোকে হইয়া কাতর।
চলিল সিন্ধুর তীরে কাঁপি থর থর ॥
নীরবে ভ্রময়ে তথা হইয়া নিরাশ।
সাহস না পুরে তার করিতে আর্দ্দাশ ॥ ৫০
দূরে থাকি স্বীয় দেবে করে আরাধন।
অবনী ব্যাপিয়া আছে যাঁহার কিরণ ॥
ওগো স্মিন্থিয়স তুমি লেটোনা নন্দন।
পুণ্য ভূমি সিলা তুমি করগো রক্ষণ ॥

Thou source of light! whom Tenedos adores,
And whose bright presence gilds thy Chrysa's
shores:
If e'er with wreaths I hung thy sacred fane,
Or fed the flames with fat of oxen slain;
God of the silver bow! thy shafts employ,
Avenge thy servant, and the Greeks destroy. 60
Thus Chryses pray'd: the favouring power
attends,
And from Olympus' lofty top descends.
Bent was his bow, the Grecian hearts to wound,
Fierce as he mov'd, his silver shafts resound.
Breathing revenge, a sudden night he spreads,
And gloomy darkness roll'd around his head.
The fleet in view, he twang'd his deadly bow,
And hissing fly the feather'd fates below.
On mules and dogs th' infection first began;
And last, the vengeful arrows fix'd on man. 70
For nine long nights through all the dusky air
The pyres thick-flaming shot a dismal glare.

টেনেডস লোকে পূজ্য প্রভাকর তুমি।
উজ্জ্বল করেছ বিদ্যমানে কৃষা-
ভূমি ॥
যদি তবালয়ে দিয়া থাকি পুষ্পহার।
উক্ষমেদে করে থাকি আহুতি তোমার ॥
রজত ধনুকধারি ক্ষেপ তব বাণ।
নিবার দাসের খেদ বধি গ্রীকপ্রাণ ॥ ৬০
ক্রসেসের স্তবে দেব ভকতবৎসল।
ওলিম্পাস শৃঙ্গ হৈতে আইল
ভূতল ॥
নমিত ধনুক গ্রীক করিতে নিধন।
অঙ্গ আস্ফালনে হৈল বাণের নিঃস্বন ॥
প্রতিফল দিতে নিশি সহস্র করিল।
ঘোর অন্ধকার মধ্যে আপনি রহিল ॥
তরিগণ হেরি দিল ধনুকে টঙ্কার।
ছুটিলেক বাণ গ্রীক করিতে সংহার ॥
অগ্রে অশ্বতর শ্বান হইল নিপাত।
অবশেষে মানবেরে করিল আঘাত ॥ ৭০
নব কালরাত্রি ভয়ঙ্কর চিতানল।
আচ্ছন্ন করিল ধূমে গগণমণ্ডল ॥

But ere the tenth revolving day was run,
Inspir'd by Juno, Thetis' godlike son,
Conven'd to council all the Grecian train;
For much the goddess mourn'd her heroes slain
Th' assembly seated, rising o'er the rest,
Achilles thus the king of men address'd:
Why leave we not the fatal Trojan shore,
And measure back the seas we cross'd before? 80
The plague destroying whom the sword would spare,
'Tis time to save the few remains of war.
But let some prophet or some sacred sage,
Explore the cause of great Apollo's rage;
Or learn the wasteful vengeance to remove,
By mystic dreams, for dreams descend from Jove.
If broken vows this heavy curse have laid,
Let altars smoke, and hecatombs be paid.
So Heaven aton'd shall dying Greece restore,
And Phœbus dart his burning shafts no more. 90
He said, and sat: when Chalcas thus replied;

দশম দিবস নাহি হৈতে অবসান।
জুনোর আদেশ পায়ে থিটিস সন্তান॥
আহ্বান করিল গ্রীক করিতে যুক্তি।
যেহেতু বীরের ধ্বংসে জুনো ক্ষুব্ধা অতি॥
যখন সকল জন সভাস্থ হইল।
একিস উঠিয়া নরপতিরে কহিল॥
কেন কাল্ ট্রয় হৈতে না করি প্রস্থান।
কি জন্য না ফিরে যাই লয়ে সিন্ধুযান॥ ৮০
সমরে বাঁচিল যারা ধ্বংস মারি-
ভয়ে।
কিঞ্চিৎ যা আছে রক্ষা কর এ সময়ে॥
কিন্তু কোন ভাবীবক্তা কোন প্রাজ্ঞ জন।
প্রকাশুন আপলোর ক্রোধের কারণ॥
শান্তির কারণ স্বপ্নে জানুন সন্ধান।
স্বপ্ন অধিষ্ঠাতৃদেব জোব ভগবান॥
মাননা লঙ্ঘন যদি বিপদ কারণ।
শত উক্ষবলি হোমে কর স্বস্ত্যয়ন॥
ফীবস হইয়া তুষ্ট না মারিবে বাণ।
অপার বিপদে গ্রীক পাইবেক ত্রাণ॥ ৯০
একিসের বাক্যে কৈল কাল্কাস উত্তর।

Chalcas the wise, the Grecian priest and guide,
That sacred seer, whose comprehensive view.
The past, the present, and the future knew.
Uprising slow, the venerable sage
Thus spoke the prudence and the fears of age:
Belov'd of Jove, Achilles! wouldst thou know
Why angry Phœbus bends his fatal bow?
First give thy faith, and plight a prince's word
Of sure protection, by thy power and sword. 100
For I must speak what wisdom would conceal,
And truths, invidious to the great, reveal.
Bold is the task, when subjects, grown too wise,
Instruct a monarch where his error lies;
For though we deem the short-lived fury past,
'Tis sure, the mighty will revenge at last.
To whom Pelides: From thy inmost soul
Speak what thou know'st, and speak without control,
E'en by that god I swear, who rules the day,

গ্রীকের ঋত্বিক গুরু অতি বিজ্ঞবর ॥
ভাবীবক্তা প্রাজ্ঞ সর্ব্বজনের পূজিত।
ভূত ভাবী বর্ত্তমান সকলি বিদিত ॥
ধীরভাবে উঠিয়া সুধীর মহাশয়।
দূর্‌দৃষ্টি করি জানাইল নিজ ভয় ॥
জোবপ্রিয় চাহ কিহে জানিতে সন্ধান।
কি জন্য ফীবস মারে সাংঘাতিক বাণ ॥
প্রতিজ্ঞা করিয়া কর অভয় প্রদান।
তব অস্ত্রবলে মম বাঁচাইবে প্রাণ ॥ ১০০
যেহেতু কহিতে হবে অকথ্য কথন।
উচিৎ বচনে রুষ্ট হবে উচ্চ জন ॥
প্রজাগণ পক্ষে ইহা সুকঠিন দায়।
হয়ে বিজ্ঞ নৃপদোষ নৃপেরে দর্শায় ॥
যদ্যপিও ক্ষণমাত্র রহে ক্রোধানল।
নিশ্চয় বলিষ্ঠ শেষে দিবে প্রতি-
ফল ॥
এক্লিস শুনিয়া ইহা কহেন কাল্কাসে।
যাহা জান বিস্তারিয়া কহ অনায়াসে ॥
এ হেন দেবের দিব্য দিবস
অধিপ।

To whom thy hands the vows of Greece convey, 110
And whose bless'd oracles thy lips declare;
Long as Achilles breathes this vital air,
No daring Greek of all the numerous band
Against his priest shall lift an impious hand:
Not e'en the chief by whom our hosts are led,
The king of kings, shall touch that sacred head.
Encourag'd thus, the blameless man replies:
Nor vows unpaid, nor slighted sacrifice,
But he, our chief, provoked the raging pest,
Apollo's vengeance for his injured priest. 120
Nor will the god's awak'd fury cease,
But plagues shall spread, and funeral fires increase,
Till the great king, without a ransom paid,
To her own Chrysa send the black-ey'd maid.
Perhaps, with added sacrifice and prayer,
The priest may pardon, and the god may spare.
The prophet spoke; when with a gloomy frown

গ্রীকের আর্ত্বিজ্য কর যাঁহার সমীপ ॥ ১১০
শুভদৈববাণী যাঁর করহে
প্রচার।
যতকাল রবে প্রাণ দেহেতে আমার ॥
গ্রীকগণ মধ্যে সাধ্য হইবেক কার।
দুরাত্মা উঠাবে তোমায় হস্ত আপনার ॥
মহারাজ চক্রবর্ত্তী সৈন্য অধিপতি।
তব অঙ্গ স্পর্শে তার নাহিক শকতি ॥
অভয় পাইয়া কহে নির্দ্দোষী সুজন।
নহেতো অদত্ত বলি মানত ভঞ্জন ॥
রাজা হৈতে মারিভয় হৈল উপস্থিত।
যাজকের অনিষ্টেতে আপলো ক্রোধিত ॥১২০
কোপ নাহি নিবারিবে হইবে প্রবল।
মহামারী ভয়ঙ্কর চিতার অনল ॥
যবে রাজা বিনি মূল্যে করিবে বিদায়।
ইন্দীবরনয়নাকে পাঠাতে কৃপায় ॥
অধিকন্তু বলি আর করিলে প্রার্থনা।
দেবতা ঋত্বিক যদি করেন মার্জ্জনা ॥
কাল্কাসের বচনে বিকট করি রূপ।

The monarch started from his shining throne;
Black choler fill'd his breast that boil'd with ire,
And from his eye-balls flash'd the living fire, 130
Augur accurs'd! denouncing mischief still,
Prophet of plagues, for ever boding ill!
Still must that tongue some wounding message bring,
And still thy priestly pride provoke thy king?
For this are Phœbus' oracles explor'd,
To teach the Greeks to murmur at their lord?
For this with falsehoods is my honour stain'd,
Is Heaven offended, and a priest profaned;
Because my prize, my beauteous maid I hold,
And heavenly charms prefer to proffer'd gold? 140
A maid, unmatch'd in manners as in face,
Skill'd in each art, and crowned with every grace;
Not half so dear were Clytæmnestra's charms,
When first her blooming beauties bless'd my arms

রত্নসিংহাসন হৈতে উঠিলেন ভূপ ॥
খরতর কোপানলে অন্তর জ্বলিল।
আঁখি হৈতে অগ্নিকোণা নির্গত হইল ॥
গণক উচ্ছন্ন যাও মন্দ হৈতে রত।
দুর্দ্দশা কেবল গণ কুখানা সদত ॥
মর্ম্মভেদ বাক্য তুই আরো কি
কহিবি। ১৩০
ঋত্বিক দর্পেতে কত বিরক্ত করিবি।
এজন্য কি কৌরবের বাক্য হয়ে ব্যক্ত।
প্রভু প্রতি গ্রীকগণ হইল উক্তাক্ত ॥
এজন্য কি বৃথা মোর কলঙ্ক রটিল।
দেবরুষ্ট ঋত্বিক কি অপমান হৈল ॥
কেননা রাখেছি মম ধন সে সুন্দরী।
সত্ত্ব খাক্ষ্য পরিহরি লয়েছি
আপ্সরী ॥ ১৪০
এমন ললনা রূপে গুণে অনুপমা।
সর্ব্বগুণে গুণান্বিতা অতি মনো-
রমা ॥
না হবে অর্দ্ধেক ক্লিটেম্নেস্ট্রার লাবণ্য।
যৌবনে যখন তার রূপ ছিল ধন্য ॥

Yet if the gods demand her, let her sail;
Our cares are only for the public weal:
Let me be deem'd the hateful cause of all,
And suffer, rather than my people fall;
The prize, the beauteous prize, I will resign,
So dearly valued, and so justly mine. 150
But since for common good I yield the fair,
My private loss let grateful Greece repair?
Nor unrewarded let your prince complain,
That he alone has fought and bled in vain.

Insatiate king! (Achilles thus replies)
Fond of the power, but fonder of the prize;
Wouldst thou the Greeks their lawful prey should yield,
The due reward of many a well-fought field?
The spoils of cities ras'd and warriors slain,
We share with justice, as with toil we gain; 160
But to resume whate'er thy avarice craves
(That trick of tyrants) may be borne by slaves:
Yet if our chief for plunder only fight,

ইহাতে তাহাকে যদি চাহে দেবগণ।
সর্ব্বহিত জন্য তারে করিব প্রেরণ॥
সকলে দুষুক মোরে করি হেয়জ্ঞান।
মম প্রাণে সহি থাক্ প্রজাদের প্রাণ॥
জয়লব্ধ রূপবতী ত্যজিব তাহায়।
মম প্রিয়তমা রামা অর্শায় আমায়॥ ১৫০
সুন্দরী ত্যজিব দৃষ্ট করি সর্ব্বহিত।
গ্রীকেরা আমারে যেন না করে বঞ্চিত॥
আক্ষেপ করি না যেন না পাইয়া ফল।
সমর হইল ব্যর্থ আমারি কেবল॥
এক্লিস কহেন শুন লোভার্ত্ত নৃপতি।
শৌর্য্যলোভ জিনি তব ধনলোভ অতি॥
তব কি বাসনা গ্রীক ত্যজে ন্যায্য
ধন।
যাহা পাইয়াছে তারা করি বহুরণ॥
পুরী সমভুমি করি সৈন্য করি ধ্বংস।
লুটদ্রব্য লইয়াছি ন্যায্য করি অংশ॥ ১৬০
যে বস্তু কর হে লোভ তাহাই লইবে।
ধূর্ত্তের ধূর্ত্ততা তব অধীনে সহিবে॥
যদ্যপি করহ রণ লুণ্ঠন কারণ।

The spoils of Ilion shall thy loss requite.
Whenever thy Jove's decree our conquering
powers
Shall humble to the dust her lofty towers.
Then thus the king: Shall I my prize resign
With tame content, and thou possess'd of thine?
Great as thou art, and like a god in fight,
Think not to rob me of a soldier's right: 170
At thy demand shall I restore the maid?
First let the just equivalent be paid;
Such as a king might ask; and let it be
A treasure worthy her, and worthy me;
Or grant me this, or with a monarch's claim,
This hand shall seize some other captive dame.
The mighty Ajax shall his prize resign,
Ulysses' spoils, or e'en thy own be mine.
The man who suffers, loudly may complain:
And rage he may, but he shall rage in vain. 180
But this when time requires—It now remains
We launch a bark to plough the watery plains,

না রবে বঞ্চিত পায়ে ট্রয় লুট ধন ॥
এ ধন মিলিবে সৈন্যগণ যে
সময়।
ঈশ্বর ইচ্ছায় ট্রয় করিবেক জয় ॥
শুনি রাজা কহে মম ত্যজিব কি ধনী।
সন্তোষ রহিব তব থাকিবে রমণী ॥
মহাবলী বটে তুমি দেবতুল্য রণে।
জয়লব্ধ ধন লবে না করিহ মনে॥ ১৭০
তোমার কথাতে কি হে সুন্দরী ত্যজিব।
তার সমতুল্য নারী অগ্রেতে লইব ॥
তারসম মম যোগ্য হবে সেই নারী।
এমন ধনেতে রাজা হয় অধিকারী ॥
যদ্যপি না হয় মম এ হেন রমণী।
রাজরীতি অনুসারে লব অন্য ধনী ॥
এজাক্স বা ইউলিসিস্ অথবা তোমার।
জয়লব্ধ ধনে ভোগ হইবে আমার ॥
ক্ষুণ্ণজন উচ্চরবে আক্ষেপ করিবে।
ক্রোধ করিবেক তাহা বিফল হইবে॥ ১৮০
সময়ে ঘটিবে ইহা এক্ষণে উচিত।
সমুদ্র পথেতে তরি করিতে প্রেরিত ॥

And waft the sacrifice to Chrysa's shores,
With chosen pilots and with labouring oars;
Soon shall the fair the sable ship ascend,
And some deputed prince the charge attend;
This Creta's king, or Ajax shall fulfill,
Or wise Ulysses see perform'd our will;
Or, if our royal pleasure shall ordain,
Achilles' self conduct her o'er the main: 190
Let fierce Achilles, dreadful in his rage,
The god propitiate, and the pest assuage.

At this, Pelides, frowning stern, replied:
O tyrant, arm'd with insolence and pride!
Inglorious slave to interest, ever join'd
With fraud, unworthy of a royal mind!
What generous Greek, obedient to thy word,
Shall form an ambush, or shall lift the sword?
What cause have I to war at thy decree?
The distant Trojans never injur'd me; 200
To Phthia's realms no hostile troops they led;
Safe in her vales my warlike coursers fed;

ক্রুষায় পাঠাতে বলি হইবে নিযুক্ত।
উত্তম ক্ষেপনী কর্ণধার উপযুক্ত।
রমণী তরণী অবিলম্বে আরোহিবে।
কোন ভূপ সঙ্গে করি লইয়া যাইবে ॥
এজাক্স বা ক্রূটাপতি সমাধা করিবে।
কিম্বা বিজ্ঞ ইউলিসিস এ ভার লৈবে ॥
অথবা এক্লিস* রাজ আজ্ঞা অনুসারে।
স্বয়ং সঙ্গে করি লয়ে যাইবে তাহারে।১৯০
প্রচণ্ড সে ক্রোধে ভয়ঙ্কর অতিশয়।
দেব তুষ্ট করি নিবারুক মারিভয় ॥
এক্লিস শুনিয়া কোপে করিল উত্তর।
প্রগল্ভ গর্ব্বেতে মত্ত শুনরে পামর ॥
অর্থের কিঙ্কর নীচ প্রবঞ্চক অতি।
তব যোগ্য নহে ইহা হয়ে নরপতি ॥
তব বাক্য মানি কোন গ্রীক সাধু জন।
উপসয়ে রবে অস্ত্র করিবে গ্রহণ ॥
কি কার্য্য সমরে মোর তব আজ্ঞা মানি।
দুর্দ্দেশী ট্রোজেন মোর না করিছে হানি॥ ২০০
থিয়া রাজ্যে আসেনি হে সৈন্য তারা লয়ে।
চরিতেছে মম হয় নিরাপদ হয়ে ॥

Far hence remov'd, the hoarse-resounding main,
And walls of rocks, secure my native reign,
Whose fruitful soil luxuriant harvests grace,
Rich in her fruits, and in her martial race:
Hither we sail'd, a voluntary throng,
T' avenge a private, not a public wrong;
What else to Troy th' assembled nations draws,
But thine, ungrateful, and thy brother's cause? 210
Is this the pay our blood and toils deserve,
Disgrac'd and injur'd by the man we serve?
And dar'st thou threat to snatch my prize away,
Due to the deeds of many a dreadful day?
A prize as small, O tyrant! match'd with thine,
As thy own actions if compar'd to mine.
Thine in each conquest is the wealthy prey,
Though mine the sweat and danger of the day;
Some trivial present to my ships I bear,
Or barren praises pay the wounds of war: 220
But know, proud monarch! I'm thy slave no more;

হেথা হইতে মম দেশ দূর অতিশয়।
বেষ্টিত পর্ব্বত সিন্ধু নাহি তথা ভয়॥
প্রচুর জন্মিছে শস্য অতি সুশোভিত।
বহু ফল বহু সৈন্য অতি মনোনীত॥
স্বেচ্ছা করি হেথা মোরা আসেছি সকল।
কেবল তোমার হয়ে দিতে প্রতিফল॥
ট্রয়ে আসিয়াছি সবে ওহে কৃতঘ্ন;
কেবল তোমার ভ্রাতার তোমার কারণ॥ ২১০
এই কি হইল ফল রণশ্রম পরে।
যারে সেবি সেই ক্ষতি অপমান করে॥
তর্জ্জন গর্জ্জন কর লৈতে মম ধন।
মমার্হ্য হয়েছে যাহা করি বহু রণ॥
তোমাপেক্ষা যত লঘু প্রাপ্তি হে আমার।
তত লঘু আমাপেক্ষা বীরত্ব তোমার॥
জয় হৈলে উত্তম ধনের হও স্বামী।
রণক্লেশ বিপদের ভাগী মাত্র আমি॥
নিকৃষ্ট তৌষ্ট্য মম তরিতে লয়ে যাই।
কেবল কথায় তোষ পুরস্কার নাই॥ ২২০
তব দাস নহি আর দাম্ভিক রাজন।

My fleet shall waft me to Thessalia's shore:
Left by Achilles on the Trojan plain,
What spoils, what conquests, shall Atrides gain?
To this the king ;Fly, mighty warrior ! fly,
Thy aid we need not, and thy threats defy,
There want not chiefs in such a cause to fight,
And Jove himself shall guard a monarch's right,
Of all the kings (the gods' distinguish'd care)
To power superior none such hatred bear; 230
Strife and debate thy restless soul employ,
And wars and horrors are thy savage joy:
If thou hast strength, 'twas Heaven that strength
bestow'd;
For know, vain man! thy valour is from God.
Haste, launch thy vessels, fly with speed away,
Rule thy own realms with arbitrary sway:
I heed thee not, but prize at equal rate
Thy short-liv'd friendship, and thy groundless
hate:
Go threat thy earth-born Myrmidons; but here

থেসেলিয়া যাব তরি করি আরোহণ ॥
এট্রাডিস ট্রয় দেশে একিস বিহনে।
দেখা যাবে কত লাভ করিবেক রণে ॥
রাজা কহে ওহে বীর হও দূরীভব।
ভয় কিহে নাহি চাহি সহায়তা তব ॥
হেন কার্য্যে নাহি চাই সেনানী প্রধান।
নৃপ-সত্ব রক্ষা করিবেন ভগবান ॥
দেবাশ্রিত ভূপ মধ্যে কে আছে এমন।
গুরুজনে হেয় করে তোমার মতন ॥ ২৩০
সতত ব্যাকুল চিত্ত করিতে বিবাদ।
নিষ্ঠুর মূঢ়ের ন্যায় সংগ্রামে আহ্লাদ ॥
যদ্যপি রাখহ বল তাহা দেব-
দত্ত।
হয়ে নর বৃথা তার অভিমানে মত্ত ॥
সত্বরে লইয়া যাও তব তরিগণ।
স্বেচ্ছামতে নিজ রাজ্য করগে শাসন ॥
অমাত্য ক্ষণিক তুমি বৈরি অকারণ।
সমভাবি তোমাকে নাহিক প্রয়ো-
জন ॥
যাও হে শাসাও মূঢ় মর্ম্মিডন গণ।

'Tis mine to threaten, prince, and thine to
fear. 240
Know, if the god the beauteous dame demand,
My bark shall waft her to her native land;
But then prepare, imperious prince! prepare,
Fierce as thou art, to yield thy captive fair:
E'en in thy tent I'll seize the blooming prize,
Thy loved Briesïs with the radiant eyes:
Hence shalt thou prove my might, and curse the
hour
Thou stood'st the rival of imperial power:
And hence to all our host it shall be known,
That kings are subject to the gods alone. 250
Achilles heard, with grief and rage oppress'd,
His heart swell'd high, and labour'd in his breast,
Distracting thoughts by turns his bosom rul'd,
Now fir'd by wrath, and now by reason cool'd:
That prompts his hand to draw the deadly sword
Force thro' the Greeks, and pierce their haughty
lord,

অত্র তব ভয় স্থল আমার
শাসন ॥ ২৪০
দেবতা চাহেন যদি মম সে সুন্দরী।
পাঠাইব তারে আমি মম তরি করি ॥
কিন্তু আগ্র হও উগ্র দাম্ভিক রাজন।
জয়লক্ষ্মী বধূ তব করিতে অর্পণ ॥
নতুবা শিবির হৈতে লইব ললনা।
তব প্রিয়া ব্রাসিইস অরুণ নয়না ॥
কত মম পরাক্রম তখন জা-
নিবে।
কেন হৈনু রাজ বৈরি আক্ষেপ করিবে ॥
এই সব দলবল জানিবে তখন।
কেবল দেবতাধীন হয় নৃপগণ ॥ ২৫০
শুনি এক্লিসের ক্ষোভ কোপ অতিশয়।
অন্তরে পাইল ব্যথা বিদীর্ণ হৃদয় ॥
কখন বা কোপানলে অন্তর জ্বলিল।
কখন প্রবোধনীরে তাহা নিভাইল ॥
ক্রোধভরে অস্ত্র লয়ে কখন উদ্যত।
গ্রাকমধ্যে গিয়া নৃপে করিতে
নিহত ॥

This whispers soft, his vengeance to control,
And calm the rising tempest of his soul.
Just as in anguish of suspense he stay'd,
While half-unsheath'd appear'd the glittering
blade, 260
Minerva swift descended from above,
Sent by the sister and the wife of Jove
(For both the princes claim'd her equal care);
Behind she stood, and by the golden hair
Achilles seiz'd; to him alone confess'd;
A sable cloud conceal'd her from the rest.
He sees, and sudden to the goddess cries
(Known by the flames that sparkle from her
eyes):
Descends Minerva in her guardian care,
A heavenly witness of the wrongs I bear 270
From Atreus' son! then let those eyes that view
The daring crime, behold the vengeance too.
Forbear! (the progeny of Jove replies)
To calm thy fury I forsake the skies;

কখন বা দিয়া নিজ চিত্তেতে প্রবোধ।
ধীরে ধীরে নিবারণ করে মহা ক্রোধ ॥
যখনি দ্বিভাব চিত্তে বধিতে ভূপাল।
অর্দ্ধকোষ বিনিস্থত কৈল কর-
বাল ॥ ২৬০
তখনি মিনর্বা স্বর্গ হইতে উপস্থিতা।
জোবকান্তা সহোদরা কর্ত্তৃক প্রেরিতা ॥
যাঁর সম তুল্য স্নেহ উভয় নৃপেতে।
দাঁড়ালেন দেবী আসি পশ্চাত দিকেতে।
এক্লিসে দর্শন দিলা কুন্তল ধরিয়া।
অন্যের অদৃশ্যা দেবী মেঘে আচ্ছাদিয়া ॥
নেত্রপ্রভা হেরি তাঁরে এক্লিস চিনিলা।
সহসা তাঁহার প্রতি কহিতে
লাগিলা ॥
রক্ষণার্থে আইলেন মিনর্বা গীর্ব্বাণী।
সচক্ষেতে হেরিলেন মম মান হানি ॥ ২৭০
যে চক্ষেতে দেখিলেক রাজ অত্যাচার।
সেই চক্ষু দেখুক দি প্রতিফল তার ॥
জোবের তনুজা কহে হও ওহে ক্ষান্ত।
স্বর্গ হৈতে আসিয়াছি করিবারে শান্ত ॥

Let great Achilles, to the gods resign'd,
To reason yield the empire o'er his mind:
By awful Juno this command is given,
The king and you are both the care of Heaven.
The force of keen reproaches let him feel,
But sheath, obedient, thy revenging steel. 280
For I pronounce (and trust a heavenly power)
Thy injur'd honour has its fated hour,
When the proud monarch shall thy arms implore,
And bribe thy friendship with a boundless store;
Then let revenge no longer bear the sway,
Command thy passions, and the gods obey.

To her Pelides: With regardful ear
'Tis just, O goddess! I thy dictates hear:
Hard as it is, my vengeance I suppress;
Those who revere the gods, the gods will bless! 290
He said, observant of the blue-eyed maid;
Then in the sheath return'd the shining blade;
The goddess swift to high Olympus flies,

দৈব অনুবর্ত্ত হও একিলিস বীর।
বিবেচনা করি কর অন্তর সুস্থির॥
মহাভীমা জুনো দেবী করেন আদেশ।
উভয় স্নেহের পাত্র নাহিক বিশেষ।
নৃপেরে নির্ঘাত বাক্য করাও শ্রবণ।
আজ্ঞা মানি অস্ত্র রাখ কোষেতে আপন॥২৮০
আমি দেবী মম বাক্যে কর ধ্রুব জ্ঞান।
অপমান ঘুচি তব হইবে সম্মান॥
গর্ব্বী রাজা তব বল সাধিবে যখন।
সখ্যতা করিবে দিয়া অসংখ্যক ধন॥
তখন অধিক দণ্ড না দিবা তাহারে।
ক্রোধ নিবারিবা মান্য করি দেবতারে॥
একিলিস বলিল দেবি সত্য যাহা কহ।
তব বাক্য মানি আমি তব আজ্ঞাবহ॥
ক্রোধ নিবারণ করা বিষম কঠিন।
দেবতা পুরাবে বাঞ্ছা হইলে অধীন॥ ২৯০
নীলাঞ্জনেত্রাকে ইহা করি নিবেদন।
কোষ মধ্যে অস্ত্র রাখিলেন সেই ক্ষণ॥
ইহা দেখি শীঘ্র দেবী করিল গমন।

And joins the secred senate of the skies.

Nor yet the rage his boiling breast forsook,
Which thus redoubling on Atrides broke:
O monster! mix'd of insolence and fear,
Thou dog in forehead but in heart a deer!
When wert thow known in ambush'd fights to dare,
Or nobly face the horrid front of war? 300
'Tis ours the chance of fighting fields to try,
Thine to look on, and bid the valiant die;
So much 'tis safer through the camp to go,
And rob a subject, than despoil a foe.
Scourge of thy people, violent and base!
Sent in Jove's anger on a slavish race,
Who lost to sense of generous freedom past,
Are tam'd to wrongs, or this had been thy last.
Now by this sacred sceptre hear me swear,
Which never more shall leaves or blossoms bear, 310
Which sever'd from the trunk (as I from thee)

ওলিম্পসে যথা বিরাজিছে দেবগণ ॥
এক্লিশ এখনো কোপ নিবারিতে নারে।
দ্বৈগুণ্য ক্রোধেতে পুন কহিল রাজারে ॥
বিকৃত হে দম্ভ কর ভয় তার সঙ্গ।
মুখে শ্বান ধ্বনিমাত্র চিত্তেতে কুরঙ্গ ॥
কখন কি অন্তরাল হৈতে যুঝে-
ছিলা।
কখন কি সম্মুখ যুদ্ধেতে আসেছিলা॥ ৩০০
যুদ্ধ আমাদের ভাগ্যে কর্ত্তৃত্ব তোমার।
তোমার আজ্ঞাতে হয় সেনানী সংহার ॥
অরিধন পরিহরি ভয়ের কারণ।
প্রজার শিবিরে গিয়া লহ তার ধন ॥
প্রজার শোষক তুমি দুর্দ্দান্ত পামর।
বিধির বৈমুখে তারা তোমার কিঙ্কর ॥
স্বাধীনতা পাসরিয়া সহিছে অন্যায়।
নতুবা সকলে মেলি বধিত তোমায় ॥
এই পূত রাজদণ্ডে দিব্য হে আমার।
পত্র পুষ্প পুন নাহি জন্মিবে
যাহার॥ ৩১০
গিরিতরু হৈতে ইহা হইয়াছে ছিন্ন।

On the bare mountains left its parent tree;
This sceptre, form'd by temper'd steel to prove
An ensign of the delegates of Jove,
From whom the power of laws and justice springs
(Tremendous oath! inviolate to kings):
By this I swear, when bleeding Greece again
Shall call Achilles, she shall call in vain.
When flush'd with slaughter, Hector comes to spread
The purpled shore with mountains of the dead, 320
Then shalt thou mourn th' affront thy madness gave;
Forced to deplore, when impotent to save:
Then rage in bitterness of soul, to know
This act has made the bravest Greek thy foe.
He spoke: and furious hurl'd against the ground
His sceptre starr'd with golden studs around;
Then sternly silent sat. With like disdain
The raging king return'd his frowns again.

যাদৃশ হে তোমা হৈতে হইয়াছি ভিন্ন ॥
এই রাজদণ্ড তীক্ষ্ণ আয়স মিলিত।
চিহ্ন রাজাদের যারা ঈশ্বর-প্রেরিত ॥
যাঁহা হৈতে নৃপ শক্য করিতে বিচার।
কঠিন সপথ মম অলঙ্ঘ্য রাজার ॥
হেন দণ্ডে দিব্য করি যবে গ্রীকগণ।
ক্ষত হয়ে সাধিবেক বৃথা সে সাধন ॥
হেক্টর নাশিবে যবে হইয়া
প্রফুল্ল।
রক্তে নদী হবে শব পর্ব্বতের
তুল্য ॥ ৩২০
তখন ভাবিবে কেন কৈনু অপ-
মান।
হয়ে মত্ত এক্ষণে বাঁচাতে নারি প্রাণ ॥
মরমে জানিবে তবে কেন ক্রোধ করি।
গ্রীক মধ্যে মহাবীরে কৈনু মম অরি ॥
ইহা বলি নিক্ষেপ করিল ক্রোধভরে।
সুবর্ণ মণ্ডিত দণ্ড ক্ষিতির উপরে ॥
নীরবে গম্ভীর ভাবে যখন বসিলা।
ক্রুদ্ধ রাজা সম তুচ্ছে উত্তর করিলা ॥

To calm their passions with the words of age,
Slow from his seat arose the Pylian sage, 330
Experienc'd Nestor, in persuasion skill'd,
Words sweet as honey from his lips distill'd;
Two generations now had pass'd away,
Wise by his rules, and happy by his sway;
Two ages o'er his native realm he reign'd,
And now the examples of the third remain'd;
Allview'd with awe the venerable man,
Who thus with mild benevolence began:

What shame, what woe is this to greece! what joy
To Troy's proud monarch, and the friends of Troy! 340
That adverse gods commit to stern debate
The best, the bravest of the Grecian state.
Young as ye are, this youthful heart restrain,
Nor think your Nestor's years and wisdom vain.
A god-like race of heroes once I knew,
Such as no more these aged eyes shall view!

উভয়েরে হিত বাক্যে সান্তনা করিতে।
উঠিলা নেষ্টর বিজ্ঞ আসন হইতে ॥ ৩৩০
নিপুণ প্রবোদ্ধা যিনি অতি বিচক্ষণ।
মুখ হৈতে বিনিঃসৃত মধুর বচন ॥
দ্বিপুরুষ প্রজাবর্গ তাঁহার রাজ্যেতে।
তাঁর বৈধে বিজ্ঞ হয়ে ভুঞ্জিল সুখেতে ॥
স্বরাজ্যেতে রাজ্য করি দ্বিকাল বঞ্চিল।
ত্রিকালে ও বিজ্ঞ সুখী প্রজারা হইল ॥
সর্ব্বজনে ভক্তিভাবে হেরে পূজ্যবর।
কহেন কোমল বাক্য অতি হিতকর ॥
কি লজ্জা কি দশা ঘটিলেক গ্রীক-
গণে।
ট্রয় রাজা অমাত্যের কি আহ্লাদ
মনে ॥ ৩৪০
গ্রীক বীরগণোপরি বিধি হৈল বাম।
কলহ আপন সনে নাহিক বিরাম ॥
তরুণ বয়স রাগ কর সম্বরণ।
বৃদ্ধের বচন নাহি করিও হেলন ॥
পূর্ব্বকালে দেবতা সমান বীরগণ।
হেরিয়াছি আর নাহি হেরিব তেমন ॥

Lives there a thief to match Pirithous' fame,
Dryas the bold, or Ceneus' deathless name ;
Theseus, endu'd with more than mortal might,
Or Polyphemus, like the gods in fight ? 350
With these of old to toils of battle bred,
In early youth my hardy days I led ;
Fir'd with the thirst which virtuous envy breeds,
And smit with love of honourable deeds.
Strongest of men, they pierc'd the mountain boar,
Rang'd the wild deserts red with monsters' gore,
And from their hills the shaggy Centaurs tore ;
Yet these with soft persuasive arts I sway'd ;
When Nestor spoke, they listen'd and obey'd.
If in my youth e'en these esteem'd me wise, 360
Do you, young warriors, hear my age advice.
Atrides, seize not on the beauteous slave :
That prize the Greeks by common suffrage gave :
Nor thou, Achilles, treat our prince with pride ;
Let kings be just, and sovereign power preside
Thee, the first honours of the war adorn,

পৃথোস ড্রায়েস তুল্য বীরত্ব হে কার।
কিম্বা সিনিয়স্ সম স্থায়ী নাম যার ॥
কিম্বা থিসিয়স্ তুল্য জিনে সর্ব্ব নরে।
কিম্বা পলিফিমস হে দেবতা সমরে ॥ ৩৫০
তরুণ বয়সে আমি ইহাদের সনে।
বহু ক্লেশ বহু শ্রম ভুগিয়াছি রণে ॥
ব্যাকুল হইল পরাজয় করি আশ।
ব্যগ্র হৈল করিবারে বীরত্ব প্রকাশ ॥
এই সব বীর বধি শৈলস্থ বরাহ।
রক্ষগণ নাশি কৈল রুধির প্রবাহ ॥
লোমশ নরাশ্ব সব নর অর্দ্ধ অংশ।
পর্ব্বত উপরি আসি করিলেক ধ্বংস ॥
হেন সব বীর মম প্রবোধ বচন।
মানিলেক মন দিয়া করিয়া শ্রবণ ॥ ৩৬০
মানিলেক যবে মম বয়স নবীন।
শুন যুবা যোদ্ধাগণ যা কহে প্রবীণ ॥
ওহে এটাডিস, নাহি করিও গ্রহণ।
গ্রীকেরা সম্মত হয়ে দিয়াছে যে ধন ॥
ওহে এক্লিস হেয় না কর রাজারে।
শাসন অপক্ষপাতে করুন প্রজারে ॥
সর্ব্ব অগ্রে তোমার মর্য্যাদা রণস্থলে।

Like gods in strength, and of a goddess born;
Him, awful majesty exalts above
The powers of earth, and sceptred sons of Jove.
Let both unite, with well-consenting mind,
So shall authority with strength be join'd.
Leave me, O king, to calm Achilles' rage;
Rule thou thyself, as more advanc'd in age:
Forbid it, gods! Achilles should be lost,
The pride of Greece, and bulwark of our host.

This said he ceas'd. The king of men replies:
Thy years are awful, and thy words are wise:
But that imperious, that unconquer'd soul,
No laws can limit, no respect control: 380
Before his pride must his superiors fall,
His word the law, and he the lord of all?
Him must our hosts, our chiefs, ourself obey?
What king can bear a rival in his sway?
Grant that the gods his matchless force have given;
Has foul reproach a privilege from heaven?

দেবীগর্ভজাত তুমি দেবতুল্য বলে ॥
দোর্দণ্ড প্রতাপে এট্রাডিসের স্বরূপ।
নাহি আছে ঈশ প্রতিনিধি কোন ভূপ ॥ ৩৭০
নির্ম্মল চিত্তেতে তুমি করিয়া হৃদ্যতা।
নৃপ বল উভয়ের করহ একতা।
এক্লিসের ক্রোধ আমি করি নিবারণ।
সাম্য হও বয়োজ্যেষ্ঠ শুনহ রাজন ॥
এক্লিস বিহীন যেন না করে বিধাতা।
গ্রীকেদের দর্প যিনি সবাকার ত্রাতা ॥
ইহা শুনি উত্তর করিল নরপতি।
বয়েসেতে মান্য তুমি বাক্যে প্রাজ্ঞ অতি ॥
কিন্তু সেই অহঙ্কারী দুরাত্মা পামর।
না মানে সে বিধিবাক্য নাহি কিছু ডর ॥ ৩৮০
তার গুরুজন তার দর্প কি সহিবে।
বিধি কি তাহার বাক্যে প্রভু কি হইবে ॥
আমরা কি সর্ব্বজনে আজ্ঞাকারী তার।
কোন্ রাজা সহে দ্বন্দ্বী রাজ্যে আপনার ॥
যদিচ অতুল্য বল দেবতা দিয়েছে।
রূঢ় ভাষা কহিতে কি দেবতা বলেছে ॥

Here on the monarch's speech Achilles broke,
And furious thus, and interrupting, spoke:
Tyrant! I well deserv'd thy galling chain,
To live thy slave, and still to serve in vain; 390
Should I submit to each unjust decree;
Command thy vassals, but command not me.
Seize on Briseis, whom the Grecians doom'd
My prize of war, yet tamely see resum'd;
And seize secure; no more Achilles draws
His conquering sword in any woman's cause;
The gods command me to forgive the past;
But let this first invasion be the last;
For know, thy blood, when next thou dar'st invade,
Shall stream in vengeance on my reeking blade. 400

At this they ceas'd: the stern debate expir'd;
The chiefs in sullen majesty retired.
Achilles with Patroclus took his way,
Where near his tents his hollow vessels lay.

নৃপতির বাক্য নাহি হৈতে সমাপন।
ক্রোধভরে একিলিস কহেন বচন॥
দুরাত্মা হে তব দাস অনুদাস হব।
ফল নাহি পাব করি দাসত্ব হে তব॥ ৩৯০
এ দুর্দ্দশা যদি মানি তবাজ্ঞা অন্যায়।
শাসাও তোমার প্রজা কিন্তু না আমায়॥
জয়লব্ধ ব্রাসিইস গ্রীকদত্ত ধন।
তথাচ সহিবে গ্রীক করহ গ্রহণ॥
অনায়াসে লয়ে যাও কিন্তু মম পণ।
স্ত্রীলোকের জন্যে আর না করিব রণ॥
ক্ষমা কৈনু গতদোষ দেবতা আজ্ঞায়।
আমা হৈতে দ্বন্দ্ব নাহি হবে পুনরায়॥
যবে পুন মম্মোপরি আক্রম
করিবে।
মম অস্ত্রঘাতে তব শোণিত
বহিবে॥ ৪০০
ইহা কহি ক্ষান্ত হৈল বিবাদ ভঞ্জিল।
সকলে গম্ভীর ভাবে গমন করিল॥
একিলিস চলিল পেট্রোক্লস সঙ্গে করি।
শিবির সন্নিদ্ধ যথা ছিল তার তরি॥

Meantime Atrides launch'd, with numerous oars,
A well-rigg'd ship for Chrysa's sacred shores:
High on the deck was fair Chryseis plac'd,
And sage Ulysses with the conduct grac'd:
Safe in her sides the hecatomb they stow'd,
Then swiftly sailing, cut the liquid road. 410
The host to expiate, next the king prepares,
With pure lustrations, and with solemn prayers:
Wash'd by the briny wave, the pious train
Are cleans'd, and cast th' ablutions in the main;
Along the shore whole hecatombs were laid,
And bulls and goats to Pphœbus' altars paid;
The sable fumes in curling spires arise,
And waft their grateful odours to the skies.
The army thus in sacred rites engag'd.
Atrides still with deep resentment rag'd. 420
To wait his will two sacred heralds stood,
Talthybius and Eurybates the good.
Haste to the fierce Achilles' tent (he cries);
Thence bear Briseis as our royal prize;

হেনকালে ক্রুয়া দেশে পাঠাতে তরনী
নিযুক্ত করিল রাজা অনেক ক্ষেপণী ॥
তরিতে বসিল ক্রিসিইস রূপবতী।
সুসঙ্গী হৈল ইউলিসিস্ মহামতি ॥
তরুণীর পার্শ্বভাগে সতর্ক রহিল।
বায়ুসহকারে তরী ত্বরিত চলিল ॥ ৪১০
অতঃপর নৃপবর স্নানাদি স্তুতিতে।
উদ্যোগী হইল সবায় নিষ্পাপী করিতে ॥
সমুদ্রের নীরে সবে মজ্জন করিল।
মার্জ্জিত হইয়া তারা পূতাত্মা হইল ॥
শত শত উক্ষ ছাগ রাখিলেক তীরে।
বলিদান দিল শেষে ফীবস্ মন্দিরে ॥
আহুতির ধূম উঠে হইয়ে গোলাকৃত।
গগনমণ্ডল হৈল সৌরভে পূরিত ॥
এইরূপ জপ যজ্ঞ নিযুক্ত সকলে।
এট্রাড্রিস এখনো জ্বলিছে কোপানলে॥ ৪২
আজ্ঞার্থে দণ্ডাল আসি রাজার সদন।
দূত টেল্থিবিয়স্ ইরিবেটিস্ দুজন ॥
এক্লিসের শিবিরেতে যাও শীঘ্রগতি।
আনহ ব্রাসীস মম কহেন নৃপতি ॥

Submit he must! or, if they will not part,
Ourself in arms shall tear her from his heart.
Th' unwilling heralds act their lord's commands;
Pensive they walk along the barren sands:
Arriv'd, the hero in his tent they find,
With gloomy aspect, on his arm reclin'd.
At awful distance long they silent stand,
Loath to advance, or speak their hard command;
Decent confusion! This the godlike man
Perceiv'd, and thus with accent mild began.
With leave and honour enter our abodes,
Ye sacred ministers of men and gods!
I know your message! by constraint you came;
Not you, but your imperious lord I blame.
Patroclus haste, the fair Briseïs bring:
Conduct my captive to the haughty king.
But witness heralds, and proclaim my vow,
Witness to gods above and men below!
But first, and loudest to your prince declare,

যদি নাহি মানে তারা করিব সমর।
তাহার অন্তর হৈতে হবে সে অন্তর ॥
দূতদ্বয় প্রভু আজ্ঞা করিতে
পালন।
অনিচ্ছায় যায় তীরে সচিন্তিত মন ॥
দেখে গিয়া বীর আছে শিবিরে আপন।
করেতে কপোল রাখি বিরস বদন ॥ ৪৩০
কিছু দূরে থাকি তারা নীরবে দাঁড়ায়।
কহিতে কঠিন বাক্য মন নাহি চায় ॥
কুণ্ঠিত অবস্থা বীর করি নিরীক্ষণ।
মৃদুস্বরে দূতদ্বয়ে কহেন বচন ॥
তোমরা আরাধ্য বন্ধু আইস মমালয়।
দেব নর উভয়ের মান্য দূতদ্বয় ॥
তোমাদের বার্ত্তা জানি আইলা বিপাকে।
তোমরা নির্দ্দোষী দুষি দাম্ভিক রাজাকে ॥
আন ওহে পেট্রোক্লস ব্রাসীস সুন্দরী।
গর্ব্বী নৃপে দেহ গিয়া অতি ত্বরা করি॥ ৪৪০
মমপণে সাক্ষী হও ওহে বার্ত্তাবহ।
দেব নর সর্ব্বজনে প্রচার করহ ॥
অগ্রে তোমাদের নৃপে উচ্চস্বরে কহ।

That lawless tyrant whose commands you bear;
Unmov'd as death Achilles shall remain,
Though prostrate Greece shall bleed at every vein:
The raging chief, in frantic passion lost,
Blind to himself, and useless to his host,
Unskill'd to judge the future by the past,
In blood and slaughter shall repent at last.

Patroclus now th' unwilling beauty brought;
She, in soft sorrows and in pensive thought, 450
Pass'd silent, as the heralds held her hand,
And oft look'd back, slow moving o'er the strand.
Not so his loss the fierce Achilles bore,
But sad retiring to the sounding shore,
O'er the wild margin of the deep he hung,
That kindred deep from whence his mother sprung;
There bath'd in tears of anger and disdain,
Thus loud lamented to the stormy main:

O parent goddess! since in early bloom

যে পাষণ্ড দুরাত্মার হও আজ্ঞাবহ ॥
যদিও বিক্ষত হয় সর্ব্ব গ্রীক কায়।
তথাচ নিস্পন্দ হয়ে রব মৃত্যুপ্রায় ॥
ক্রুদ্ধ রাজা ক্ষিপ্ত হয়ে ভুলিবে আপনে
অকর্ম্মণ্য হইবেক স্বীয় সৈন্যগণে ॥
গত কর্ম্ম দৃষ্টে ভাবি জ্ঞান না হইবে।
সৈন্যনাশে অবশেষে আক্ষেপ করিবে॥
অতঃপর পেট্রোক্লস আনে

আসিতে নাহিক ইচ্ছা চিন্তান্বিতা অতি॥ ৪৫০
নীরবে চলিলা ধনী দূতে কর ধরি।
ফিরে চান ধীরে যান সিন্ধুতীরোপরি॥
এতেক বিচ্ছেদ ব্যথা না পাইল বীর।
কেবল চিন্তিত হয়ে গেল সিন্ধু তীর॥
সিন্ধুতটে গিয়া বীর কৈল অবস্থান।
যে সিন্ধু হইতে তার জননী জন্মান ॥
নয়ন সলিলে ভাসে করি ক্রোধ দুখ।
উচ্চৈঃস্বরে খেদ করে হয়ে সিন্ধুমুখ॥
জননি গো হের তব অভাগ্য সন্তান।

Thy son must fall by too severe a doom ; 469
Sure, to so short a race of glory born,
Great Jove in justice should this span adorn,
Honour and fame at least the Thunderer ow'd,
And ill he pays the promise of a god ;
If you proud monarch thus thy son defies,
Obscures my glories, and resumes my prize.

Far in the deep recesses of the main,
Where aged Ocean holds his watery reign,
The goddess-mother heard. The waves divide,
And like a mist she rose above the tide ; 470
Beheld him mourning on the naked shores,
And thus the sorrows of his soul explores :
Why grieves my son ? Thy anguish let me share,
Reveal the cause, and trust a parent's care.

He, deeply sighing, said : To tell my woe,
Is but to mention what too well you know.
From Thebe, sacred to Apollo's name
(Aëtion's realm), our conquering army came,

তরুণ বয়সে যার হত হবে প্রাণ ॥ ৪৬০
জন্মিয়াছি বীর বটে কিন্তু অল্পকাল ।
বিধি মোরে নাহি দিলে মানের কপাল ॥
বজ্রী হৈতে মান প্রাপ্য সন্তান তোমার ।
দেব হয়ে না রাখিলা অঙ্গীকার তার ॥
গন্ধর্ব্বরাজা তব সুতে তাচ্ছল্য করিল ।
অপমান কৈল মম ধনীকে লইল ॥
সমুদ্র গম্ভীর নীরে যাহা দূর অতি ।
রাজত্ব করেন যথা জল অধিপতি ॥
জননী পুত্রের কথা শুনিয়া
তথায় ।
উঠিলা তরঙ্গোপরি কুজ্ঝটিকা প্রায় ॥ ৪৭০
হেরিলা সমুদ্রতীরে আপন নন্দন ।
মনোদুঃখ প্রকাশিয়া করিছে রোদন ॥
কেন খেদ কর বাছা কহ কি কারণ ।
তবদুঃখে দুঃখ মম শুনহ বচন ॥
নিঃশ্বাস ছাড়িয়া বীর কহিলা মাতাকে ।
জ্ঞাত আছ যে দুর্দ্দশা ঘটেছে আমাকে ॥
থিবি দেশ জয় করে আমাদের বল ।
ইশন রাজার রাজ্য আপনার স্থল ॥

With treasure loaded and triumphant spoils,
Whose just division crown'd the soldiers'
toils; 480
But bright Chryseïs, heavenly prize! was led,
By votes elected, to the general's bed.
The priest of phœbus sought by gifts to gain
His beauteous daughter from the victor's chain;
The fleet he reach'd and lowly bending down,
Held forth the sceptre and the laurel crown,
Entreating all; but chief implor'd for grace
The brother-kings of Atreus' royal race:
The generous Greeks their joint consent declare,
The priest to reverence, and release the fair. 490
Not so Atrides: he, with wonted pride,
The sire insulted, and his gifts denied.
Th' insulted sire (his god's peculiar care)
The Phœbus pray'd, and Phœbus heard the
prayer:
A dreadful plague ensues; th' avenging darts
Incessant fly, and pierce the Grecian hearts.

লুণ্ঠন করিয়া তারা আনে বহু ধন।
নিজ ন্যায্য অংশ লয় করিয়া
বণ্টন॥ ৪৮০
ক্রসেইস রূপবতী স্বর্গবিদ্যাধরী।
রাজাকে অর্পণ করে সবে যুক্তি করি॥
ভেট লয়ে ফীবস যাজক তার পিতা।
আইলেক উদ্ধারিতে সুন্দরী দুহিতা॥
তরিগণ মধ্যে আসি নত হয়ে কায়।
কিরীট কনক দণ্ড রাখিল তথায়॥
সাধে সবাকারে কিন্তু বিশেষ বিনয়ে।
এট্রিয়স কুলোদ্ভব ভ্রাতৃ নৃপদ্বয়ে॥
সম্মত হইল, দয়ান্বিত গ্রীক জনা।
ঋত্বিকের মান রাখি ছাড়িতে ললনা॥ ৪৯০
কিন্তু রাজা স্বাভাবিক অহঙ্কার ভরে।
ভেট নাহি লয় তাঁরে অপমান করে॥
হেয় হয়ে পিতা করে ফীবস সাধনা।
ভকতবৎসল দেব পুরান
কামনা॥
মহামারী করিলেন বরষিয়া বাণ।
হৃদে লাগি গ্রীকগণ ত্যজিল পরাণ॥

A prophet then, inspir'd by heav'n arose,
And points the crime, and thence derives the
woes.
Myself the first the assembled chiefs incline
T' avert the vengeance of the power divine; 500
Then rising in his wrath, the monarch storm'd;
Incens'd he threaten'd and his threats perform'd:
The fair Chryseïs to her sire was sent,
With offer'd gifts to make the god relent;
But now he seiz'd Briseïs' heavenly charms,
And of my valour's prize defrauds my arms,
Defrauds the votes of all the Grecian train;
And service, faith, and justice, plead in vain.
But goddess! thou thy suppliant son attend,
To high Olympus' shining court ascend, 510
Urge all the ties to former service ow'd,
And sue for vengeance to the thundering god,
Oft hast thou triumph'd in the glorious boast,
That thou stood'st forth of all th' ethereal host,
When bold rebellion shook the realms above,

দৈবাদেশে অবশেষে গণকে কহিল।
নৃপতির দোষ হেতু বিপদ
ঘটিল ॥
প্রথমেতে মম বাক্যে গ্রীকশ্রেষ্ঠ যত।
দেবকোপ নিবারিতে হইল সম্মত ॥ ৫০০
রাজা ক্রোধে উঠি কৈল তর্জ্জন গর্জ্জন।
ভয় দেখাইল শেষে লইল মম ধন ॥
ক্রসীস প্রেরিতা হৈল জনক সদন।
বলি সঙ্গে দেবতারে করিতে শান্তন ॥
রাজা শেষে লইল বঞ্চিত মোরে করি।
আমার বীরত্ব ধন ব্রাসীস অপ্সরী ॥
গ্রীকদত্ত মম ধন হরণ করিল।
কৃত কর্ম্ম ন্যায় ধর্ম্ম কিছু না মানিল ॥
ওগো দেবি শুন তব পুত্রের বচন।
ওলিম্পসে দেব স্থানে করগো গমন ॥ ৫১০
কহ জোবে পূর্ব্ব দাসা বৃত্তান্ত সকল।
মম শত্রুপরি যেন দেন প্রতিফল ॥
প্রতাপ প্রদর্পে তুমি সদা বিজয়িনী।
দেব সৈন্য মধ্যে হয়ে সর্ব্বাগ্র গামিনী ॥
রক্ষা কৈলা জোবরাজ্য অকুতভয়েতে।

Th' undaunted guard of cloud-compelling Jove.
When the bright partner of his awful reign,
The warlike maid, and monarch of the main,
The traitor-gods by mad ambition driven,
Durst threat with chains th' omnipotence of
heaven, 520
Then call'd by thee, the monster Titan came;
(Whom gods Briareus, men Ægeon name),
Through wondering skies enormous stalk'd along:
Not he that shakes the solid earth so strong,*
With giant-pride at Jove's high throne he stands,
And brandish'd round him all his hundred hands;
Th' affrighted gods confess'd their awful lord,
They dropp'd their fetters, trembled and ador'd.
This, goddess, this to his remembrance call,
Embrace his knees, at his tribunal fall; 530
Conjure him far to drive the Grecian train,
To hurl them headlong to their fleet and main,
To heap the shores with copious death, and
bring

* Neptune.

যখন কম্পিত ছিল দেব বিরোধেতে ॥
জোবের অংশিনী যিনি অতি রূপবতী।
সংগ্রাম কারিনী আরো জল অধিপতি ॥
এসব দেবতা হয়ে উন্মত্ত কৃতবন।
সর্ব্ব শক্তিমানে চাহে করিতে
বন্ধন ॥ ৫২০
আহ্বান করিলা তুমি রাক্ষস টিটান।
ব্রারিয়স স্বর্গে খ্যাত মর্ত্ত্যে ইজিয়ান ॥
আস্ফালনে চলিলেক গগণ মণ্ডল।
ধরা যে কম্পায় তার নাহি এক বল ॥
দৈত্য দর্পে জোবের নিকটে দাঁড়াইল।
শত ভুজাঘূর্ণ করি তাঁহারে ব্যাপিল ॥
ভয়ে দেবগণ জোবে বলিল ঈশ্বর।
বন্ধন শৃঙ্খল ত্যজি কম্পে কলেবর ॥
স্মরণ করাও দেবি এসব তাঁহারে।
পায়ে ধরি কহ তাঁরে বিচার আগারে ॥ ৫৩০
স্তুতি কর যেন গ্রীক যায় দূর দেশে।
পরাঙ্মুখ হয়ে যেন তরিতে প্রবেশে ॥
সিন্ধুতীর হয় যেন শবে
স্তুপাকার।

The Greeks to know the curse of such a king
Let Agamemnon lift his haughty head
O'er all his wide dominion of the dead,
And mourn in blood, that e'er he durst disgrace
The boldest warrior of the Grecian race.

Unhappy son! (fair Thetis thus replies,
While tears celestial trickle from her eyes) 540
Why have I borne thee with a mother's throes
To fates averse, and nurse'd for future woes?
So short a space the light of heaven to view!
So short a space! and fill'd with sorrow too!
O might a parent's careful wish prevail,
Far, far from Ilion should thy vessels sail!
And thou, from camps remote, the danger shun
Which now, alas! too nearly threats my son.
Yet (what I can) to move thy suit I'll go
To great Olympus crown'd with fleecy snow. 550
Meantime, secure within thy ships, from far
Behold the field, nor mingle in the war.
The sire of gods and all th' ethereal train,

গ্রীকেরা জানুক ইহা দোষেতে রাজার ॥
দাম্ভিক নৃপতি করি মস্তক উন্নত।
হেরে যেন নিজ রাজ্য শবেতে পূরিত ॥
মর্ম্মান্তিক খেদ যেন নরপতি করে।
কেন করিলাম তুচ্ছ গ্রীক বীরবরে ॥
শুনিয়া কহেন দেবী অভাগ্য নন্দন।
নয়নের বারি তাঁর হতেছে পতন ॥ ৫৪০
কেন বাছা গর্ভে তোরে করিনু ধারণ।
করিনু পালন হৈলা দুঃখের ভাজন ॥
অতি অল্পকাল হয় তব আয়ুর্দ্দয়।
ইহাতেও সুখ নাহি চিন্তা অতিশয় ॥
মায়ের স্নেহের বাক্য কর অবধান।
ট্রয় হৈতে দূর স্থানে রাখ সিন্ধু যান ॥
বাঁচহ শিবির ত্যজি যাইয়া অন্তর।
আহা বাছার প্রাণনাশ হইবে সত্বর ॥
সাধ্যমতে তথাচ করিতে তব হিত।
যাব ওলিম্পাস গিরি নীহারে ভূষিত ॥ ৫৫০
তন্নিমধ্যে থাকি তব বাঁচাও জীবন।
দূর হৈতে হের কিন্তু না করিও রণ ॥
দেবরাজ জোব আরো যত দেবগণ।

On the warm limits of the farthest main,
Now mix with mortals, nor disdain to grace
The feasts of Æthiopia's blameless race;
Twelve days the powers indulge the genial rite,
Returning with the twelfth revolving light.
Then will I mount the brazen dome, and
move
The high tribunal of immortal Jove. 560

The goddess spoke: the rolling waves unclose
Then down the deep she plung'd from whence
she rose,
And left him sorrowing on the lonely coast,
In wild resentment for the fair he lost.

In Chrysa's port now sage Ulysses rode;
Beneath the deck the destin'd victims stow'd;
The sail they furl'd, they lash'd the mast aside.
And dropp'd their anchors, and the pinnace tied,
Next on the shore their hecatomb they land,
Chryseïs last descending on the strand. 570
Her, thus returning from the furrowed main,

অতি দূরে সিন্ধুকূলে করেছে গমন ॥
নরলোক সংস্রব হেন না করিল।
শুদ্ধ ইথিপিয়ানের যজ্ঞেতে যাইল ॥
দ্বাদশ দিবসে যজ্ঞ হবে সমাপন।
তদন্তর উহাতে করিবে আগমন ॥
অমর পুরীতে আমি যাইব
তখন।
করিব সফল জোবে করি আবেদন ॥ ৫৬০
ইহা কহি দেবী জলনিধি প্রবেশিলা।
যথা হৈতে আগমন তথা
উত্তরিলা ॥
নির্বান্ধব সিন্ধুতীরে ভাবে বীরবর।
রমণী অভাবে ক্রোধে জ্বলিছে অন্তর ॥
হেথা ক্রথায় বিজ্ঞ ইউলিসিস গিয়া।
রাখেন তরির মধ্যে বলি সাজাইয়া ॥
বাদম জড়ায়ে গুণ বৃক্ষক ফেলিল।
নঙ্গর করিয়া সবে তরণী বান্ধিল ॥
শতোক্ষ নামাল অতঃপর তটোপরি।
অবশেষে নামিলেক ক্রিসীস সুন্দরী ॥ ৫৭০
সিন্ধুর তট হৈতে ইউলিসিস ধীর।

Ulysses led to Phœbus' sacred fane;
Where at his solemn altar, as the maid
He gave to Chryses, thus the hero said:
Hail, reverend priest! to Phœbus' awful dome:
A suppliant I from great Atrides come:
Unransom'd here receive the spotless fair;
Accept the hecatomb the Greeks prepare;
And may thy god, who scatters darts around,
Aton'd by sacrifice, desist to wound.
At this, the sire embrac'd the maid again,
So sadly lost, so lately sought in vain.
Then near the altar of the darting king,
Dispos'd in rank their hecatomb they bring:
With water purify their hands, and take
The sacred offering of the salted cake;
While thus with arms devoutly raised in air,
And solemn voice, the priest directs his prayer:
God of the silver bow, thine ear incline,
Whose power encircles Cilla the divine; 590
Whose sacred eye thy Tenedos surveys,

রমণী লইয়া যান ফীবস মন্দির ॥
দেবীর সমীপে রামা ক্রিসেসে অর্পিয়া।
কহেন তাঁহারে বীরবর বিনয়িয়া।
প্রণাম করিগো পুরোহিত মহাশয়।
রাজকার্য্যে আসিয়াছি ফীবস আলয় ॥
বিনা মূল্যে সাধ্বী সুতা করগো গ্রহণ।
লহ শত উক্ষ যাহা দেয় গ্রীকগণ ॥
চতুষ্পার্শ্বে তব দেব নিক্ষেপয়ে বাণ।
যেন ক্ষান্ত হন তিনি লয়ে বলিদান ॥ ৫৮০
হার্দ্দ চিত্তে জনক লইল হারাধন।
যার জন্য বৃথা করে ছিলেন যতন ॥
পরে সবে মণ্ডপের নিকটে যাইয়া।
শত উক্ষ বলি আনি রাখে সাজাইয়া ॥
প্রক্ষালন করি সবে নিজ নিজ কর।
লবণ সংযুক্ত পিণ্ড লৈল তদন্তর ॥
পরম ভক্তিতে পুরোহিত মহাশয়।
স্তব করিলেন ঊর্দ্ধ করি বাহুদ্বয় ॥
রজত ধনুকধারি করগো শ্রবণ।
তোমার প্রতাপে হয় সিলার রক্ষণ ॥ ৫৯০
হেরিতেছ টেনেডস বিশুদ্ধ নয়নে।

And gilds fair Chrysa with distingui sh'd rays!
If, fir'd to vengeance at thy priest's request,
Thy direful darts inflict the raging pest;
Once more attend! avert the wasteful woe.
And smile propitious, and unbend thy bow.
So Chryses pray'd. Apollo heard his praye.
And now the Greeks their hecatomb prepare;
Between their horns the salted barley threw,
And with their heads to heaven the victims slew.: 600
The limbs they sever from th' enclosing hide;
The thighs, selected to the gods, divide:
On these, in double cauls involv'd with art,
The choicest morsels lay from every part.
The priest himself before his altar stands:
And burns the offering with his holy hands,
Pours the black wine, and sees the flames aspire;
The youths with instruments surround the fire:
The thighs thus sacrific'd, and entrails dress'd,
Th' assistants part, transfix, and roast the rest:

শোভা করিতেছ কৃষা নির্ম্মল কিরণে ॥
যাজকের বাক্য তুমি শ্রবণ করিয়া ।
মহামারী কৈলা ক্রোধে বাণ নিক্ষেপিয়া ॥
এই ভিক্ষা পুনরায় দেওগো আমায় ।
তুষ্ট হয়ে ক্ষান্ত হও সবে ত্রাণ পায় ॥
ক্রিসেস্ করিলা স্তব আপলো শুনিলা ।
শত পশু ঘাতে গ্রীক তৎপর হৈলা ॥
শৃঙ্গদ্বয় মধ্যে লবণাক্ত যব দিয়া ।
বলিদান দিল ঊর্দ্ধে মস্তক
রাখিয়া ॥ ৬০০
অতঃপর বলি সব করিয়া নিস্ত্বক্ ।
দেবতা উদ্দেশে জঙ্ঘা রাখিলা পৃথক্ ॥
প্রত্যংশের শ্রেষ্ঠ চব্য রাখে তদুপরি ।
নাড়ীকোষদ্বয়মধ্যে অতি যত্ন করি ॥
বেদির সম্মুখে পুরোহিত দাণ্ডাইলা ।
বিশুদ্ধ হস্তেতে বলি বিদগ্ধ করিলা ॥
সুধা প্রদানেতে শিখা হইল প্রবল ।
বাদ্য কৈল যুবাগণ ব্যাপিয়া অনল ॥
দগ্ধা নাড়ী জঙ্ঘা ভৃত্যে বিভিন্ন রাখিল ।
অবশিষ্ট মাংস বিদ্ধি ভর্জ্জিত করিল ॥ ৬১০

Then spread the tables, the repast prepare,
Each takes his seat, and each receives his share.
When now the rage of hunger was repress'd,
With pure libations they conclude the feast;
The youths with wine the copious goblets crown'd,
And pleas'd, dispense the flowing bowls around.
With hymns divine the joyous banquet ends,
The Pæans lengthen till the sun descends;
The Greeks, restor'd, the grateful notes prolong;
Apollo listens, and approves the song. 620

'Twas night; the chiefs beside their vessels lie,
Till rosy morn had purpled o'er the sky:
Then launch, and hoist the mast; indulgent gales,
Supplied by Phœbus, fill the swelling sails;
The milk-white canvas bellying as they blow;
The parted ocean foams and roars below:
Above the bounding billows swift they flew,
Till now the Grecian camp appear'd in view.
Far on the beach they haul their bark to land

আহারের স্থান করি খাদ্য আনাইলা।
একত্র বসিয়া সবে ভোজন করিলা ॥
যখন নিবৃত্ত হৈল সকলের ক্ষুধা।
ভোজন সমাপ্ত করে পান করি সুধা ॥
প্রশস্ত পাত্রেতে মধু রাখি যুবাগণ।
হৃষ্টচিত্তে সবাকারে করিল বণ্টন ॥
সমাপে উৎসব ভোজ করি স্তুতিগান।
আপলো সংগীতে হৈল দিবা অবসান ॥
ত্রাণ প্রাপ্তি হেতু পুন কৈল সংকীর্ত্তন।
আপলো সন্তুষ্ট হৈলা করিয়া শ্রবণ ॥ ৬২০
রাত্রি হেরি সর্ব্ব জনে তরি পার্শ্বে রয়।
যে পর্য্যন্ত নাহি হৈল অরুণ উদয় ॥
প্রত্যুষ কালীন গুণ বৃক্ষক তুলিল।
ক্ষীবস্ দত্ত বায়ুস্ফীত বাদম হইল ॥
বায়ুভরে বেগে তরি করয়ে গমন।
উঠিছে সিন্ধুর ফেণা করিয়া গর্জ্জন ॥
বৃহৎ তরঙ্গে তরি ত্বরিত চলিল।
যে পর্য্যন্ত গ্রীক শিবির দৃশ্য না হৈল ॥
নীর হৈতে দূর তটে তরণী আনিল।

(The crooked keel divides the yellow sand) ; 630
Then part, where stretch'd along the winding bay
The ships and tents in mingled prospect lay.

But raging still amidst his navy sat
The stern Achilles, steadfast in his hate ;
Nor mix'd in combat, nor in council join'd ;
But wasting cares lay heavy on his mind :
In his black thoughts revenge and slaughter roll,
And scenes of blood rise dreadful in his soul.

Twelve days were past, and now the dawning light
The gods had summon'd to the Olympian height ; 640
Jove first ascending from the watery bowers,
Leads the long order of ethereal powers.
When like the morning mist in early day,
Rose from the flood the daughter of the sea ;
And to the seats divine her flight addressed.
There, far apart, and high above the rest,
The Thunderer sat ; where old Olympus shrouds

বক্রিম তলার ধারে বালুকা ছেদিল॥ ৬৩০
রাখিলেক যথা সব তরণী শিবির।
পরস্পর দৃশ্যমান ব্যাপি বক্র তীর॥
এখনো একিলিশ নিজ শিবিরে বসিয়া।
দৃঢ্য চিত্তে দ্বেষ ক্রোধে ক্ষান্ত না হইয়া॥
না আসে করিতে যুক্তি না করে সমর।
উৎকট চিন্তাতে তার ব্যাকুল অন্তর॥
প্রতিফল পাবে ধ্বংস হৈলে সমুদয়।
এই চিন্তা নিরন্তর অন্তরে উদয়॥
দ্বাদশ দিনের উষাকালে দেবগণ।
ওলিম্পস গিরিবরে করেন গমন॥ ৬৪০
মেঘাবৃত হৈতে জোব অগ্রে আরোহিলা।
পশ্চাতে পশ্চাতে যত দেবতা আইলা॥
তখন সলিল হৈতে সিন্ধুর নন্দিনী।
উঠেন প্রভাতে যেন কুজ্ঝটি রূপিনী॥
চলিলেন শীঘ্রগতি দেবতা মণ্ডলে।
জোব দূরে সর্ব্বাপেক্ষা স্থিত উচ্চ স্থলে॥
উপবিষ্ট যথা গিরি স্পর্শয়ে গগণ।

His hundred heads in heaven, and props the
clouds.

Suppliant the goddess stood: one hand she
plac'd

Beneath his beard, and one his knees
embrac'd. 650

If e'er, O father of the gods! (she said)

My words could please thee, or my actions aid;

Some marks of honour on my son bestow,

And pay in glory what in life you owe.

Fame is at least by heavenly promise due

To life so short, and now dishonour'd too.

Avenge this wrong, oh ever just and wise;

Let Greece be humbled, and the Trojans rise;

Till the proud king, and all th' Achaian race,

Shall heap with honour him they now dis-
grace. 660

Thus Thetis spoke; but Jove in silence held,

The sacred counsels of his breast conceal'd.

Not so repuls'd, the goodess closer press'd,

উপবিষ্ট যথা গিরি স্পর্শয়ে গগণ।
শতেক শৃঙ্গেতে করে জীমুত
ধারণ॥
তথায় থিটিস দেবী দণ্ডাল
আসিয়া।
আবেদন কৈল জোবে চরণ ধরিয়া॥ ৬৫০
ও গো দেবরাজ যদি কখন তোমার।
বাক্যে কিম্বা কর্ম্মে করে থাকি উপকার॥
আমার সন্তানে তুমি রাখ গো সম্মান।
অল্প আয়ু দেছ মান কর গো প্রদান॥
অঙ্গীকার কৈলা যশ পাইবে সন্তান।
অল্প আয়ু লইলেক শেষে অপমান॥
সচ্চিদাত্মা সত্য তুমি দেহ প্রতিফল।
গ্রীক্‌জয়ী হয় যেন ট্রোজেনের দল॥
সর্ব্ব একায়েন আর গর্ব্বী নৃপবর।
যারে অপমান কৈল করুক
আদর॥ ৬৬০
নীরবে রহেন জোব থিটিস বচনে।
আপন অন্তর কথা রাখেন গোপনে॥
ইহাতে থিটিস নাহি নৈরাশ হইয়া।

Still grasp'd his knees, and urg'd the dear request:

O sire of gods and men! thy suppliant hear:
Refuse, or grant; for what has Jove to fear?
Or, oh! declare, of all the powers above,
Is wretched Thetis least the care of Jove?

She said! and sighing thus the god replies,
Who rolls the thunder o'er the vaulted skies: 670

What hast thou ask'd? Ah why should Jove engage
In foreign contests, and domestic rage.
The god's complaints, and Juno's fierce alarms,
While I, too partial aid the Trojan arms?
Go, lest the haugty partner of my sway
With jealous eyes thy close access survey;
But part in peace, secure thy prayer is sped:
Witness the sacred honours of our head,
The nod that ratifies the will divine,
The faithful, fix'd, irrevocable sign; 680
This seals thy suit, and this fulfils thy vows

কাকুতি মিনতি কৈলা চরণে
    ধরিয়া ॥
শুন দেব নর স্রষ্টা কারে তব ভয়।
কামনা পুরাবে কিনা কহগো নিশ্চয় ॥
তোমার কি স্নেহ এ দুর্ভাগিনীর প্রতি।
সকল দেবতাপেক্ষা হয় খর্ব্ব অতি ॥
দেবীর বচন শুনি বজ্রী জুপিটর।
ছাড়িয়া নিঃশ্বাস দীর্ঘ করেন উত্তর ॥   ৬৭০
সুধাও কি কার্য্য মোর অন্যের
    বিরোধে।
কি জন্য পতিত হব গৃহিণীর ক্রোধে ॥
দেব ক্ষোভে জুনোর দারুণ ক্রোধ ভয়।
কেন ঘটাইব হয়ে ট্রোজেনে সদয় ॥
যাও যাও মম রাজ্যাংশিনী হেরে পাছে।
হৈবে সন্দিগ্ধা তোমায় দেখি মম কাছে ॥
নিরাপদে যাও বাঞ্ছা পুরাব অচিরে।
হেরিবে অব্যর্থ ফল মম নত শিরে ॥
নমিত মস্তক মম ইচ্ছার ইঙ্গিত।
না হবে লঙ্ঘন তাহা অমোঘ নিশ্চিত ॥   ৬৮০
পূর্ণ হবে মনোরথ প্রতিজ্ঞা তোমার।

He spoke, and awful bends his sable brows;
Shakes his ambrosial curls, and gives the nod;
The stamp of fate, and sanction of the god:
High heav'n with trembling the dread signal took,
And all Olympus to the centre shook.

Swift to the seas profound the goddess flies,
Jove to his starry mansion in the skies.
The shining synod of th' immortals wait
The coming god, and from their thrones of
state 690
Arising silent, rapt in holy fear,
Before the majesty of heaven appear.
Trembling they stand, while Jove assumes the
throne,
All but the gods, imperious queen alone:
Late had she view'd the silver-footed dame,
And all her passions kindled into flame.
Say, artful manager of heaven (she cries),
Who now partakes the secrets of the skies?
Thy Juno knows not the decrees of fate,

ইহা কহি করিলেন ভ্রভঙ্গি তাঁহার ॥
হেলায়ে সুগন্ধি কেশ শির নত কৈলা।
বাঞ্ছা পূর্ণ করিবারে ইচ্ছা জানাইলা ॥
যে কালীন করিলেন মস্তক নমিত।
স্বর্গ মর্ত্ত্য ওলিম্পস হইল কম্পিত ॥
তদন্তে অর্ণবে দেবী গেলেন সত্বর।
নক্ষত্র লোকের মধ্যে যান জুপিটর ॥
যতেক অমর তাঁর হেরি আগমন।
উঠিলেন ছাড়ি নিজ নিজ
সিংহাসন ॥ ৬৯০
নীরবেতে ভক্তিভাবে ভয়ে শঙ্ক চিত।
জুপিটর বিদ্যমানে হৈলা উপস্থিত ॥
যে পর্য্যন্ত জুপিটর না বসে
গিয়া।
জুনো জুচ্ছ করে সবে রহে দাঁড়াইয়া ॥
থিটিসে হেরিলা দেবী ইহার পূর্ব্বেতে।
আপন মস্তক তার জ্বলিছে ক্রোধেতে ॥
বলিলেন কহ দেব চতুর রাজন।
তব সহ যুক্তির সঙ্গিনী কে এখন।
যখন তোমার জুনো কেন না জানিলা।

In vain the partner of imperial state. 700
What favorite goddess then those cares divides,
Which Jove in prudence from his consort hides?
To this the Thunderer: Seek not thou to find
The sacred counsels of almighty mind:
Involv'd in darkness lies the great decree,
Nor can the depths of fate be pierc'd by thee.
What fits thy knowledge, thou the first shalt
know;
The first of gods above and men below;
But thou, nor they, shall search the thoughts
that roll
Deep in the close recesses of my soul. 710
Full on the sire the goddess of the skies
Roll'd the large orbs of her majestic eyes,
And thus return'd: Austere Saturnius, say,
From whence this wrath, or who controls thy
sway?
The boundless will for me, remains in force,
And all thy consels take the destin'd course

রুপ। তব রাজ্যের সে অংশিনী হইল ॥ ৭০০
কোন ক্রিয়া দেবী যুক্তি করিবে এখন।
দূরদৃষ্টে কান্তা হৈতে কর হে গোপন ॥
না করিও আকাঙ্ক্ষা কহেন জুপিটর।
পাইবারে সর্ব্ব শক্তি মানের অন্তর ॥
অদৃষ্ট আবৃত আছে ঘোর অন্ধকারে।
তোমার কি সাধ্য হয় তাহা জানিবারে ॥
তব জানিবার যোগ্য হইবেক যাহা।
সর্ব্ব দেব নর অগ্রে জ্ঞাত হবে তাহা ॥
তুমি ভিন্ন তারা সবে সন্ধান না
পাবে।
মম অন্তরেতে যাহা আছে গুপ্তভাবে ॥ ৭১০
ইহা শুনি দেবেন্দ্রাণী কহেন বচন।
দেবেন্দ্রে আঘূর্ণ করি বিশাল নয়ন ॥
কহ গো কঠোর চিত্ত শৌরির নন্দন।
কে শাসিবে তব রাজ্য ক্রোধ কি
কারণ ॥
তোমার অনন্ত ইচ্ছা সংকৃত প্রকাশ।
অবাধ সম্পূর্ণ হয় তব অভিলাষ ॥

But 'tis for Greece I fear: for late was seen
In close consult the silver-footed queen.
Jove to his Thetis nothing could deny,
Nor was the signal vain that shook the sky. 720
What fatal favour has the goddess won,
To grace her fierce inexorable son;
Perhaps in Grecian blood to drench the plain,
And glut his vengeance with my people slain.

Then thus the god: Oh restless fate of pride,
That strives to learn what heaven resolves to

Vain is the search, presumptuous and abhorr'd,
Anxious to thee, and odious to thy lord.
Let this suffice, th' immutable decree
No force can shake: what is, that ought to be, 730
Goddess, submit, nor dare our will withstand,
But dread the power of this avenging hand;
Th' united strength of all the gods above,
In vain resist th' omnipotence of Jove.

কিন্তু গ্রীক গণ জন্য মম ভয় অতি।
তব কাছে হেরিলাম থিটিসে সম্প্রতি॥
কি তব অদেশ তাকে অবর্ণ ইঙ্গিত।
যে ইঙ্গিতে স্বর্গপুরী হইল কম্পিত॥ ১২০
কি এত সদয় তারে গ্রীক অপচয়ে।
করুণা করিতে তার নিষ্ঠুর তনয়ে॥
মমগ্রীক রক্তে যবে বহিবেক নদী।
মনের আক্রোশ তার মেটে তবে যদি॥
জোব কহে শুন ওরে চঞ্চল দাম্ভিনি।
মম গোপ্য জানিবারে হও
আকাঙ্ক্ষিনী॥
বৃথা কর আকিঞ্চন কর অহঙ্কার।
হতেছ ঘৃণিতা মোর চিন্তা তব সার॥
অলঙ্ঘ্য ঈশ্বর ইচ্ছা কে করে হেলন।
যাহা ঘটনীয় তাহা হয় সংঘটন॥ ১৩০
মানহ আমার ইচ্ছা ডর মম বল।
নতুবা আমার হস্তে পাবে প্রতিফল॥
এক ঐক্য হইয়া সকল দেব গণে।
ঘুঝিতে না পারে সর্ব্বক্ষম জোব সনে॥

The Thunderer spoke, nor durst the queen reply;
A reverend horror silenc'd all the sky.
The feast disturb'd, with sorrow Vulcan saw
His mother menac'd, and the gods in awe;
Peace at his heart, and pleasure his design,
Thus interposed the architect divine: 740
The wretched quarrels of the mortal state
Are far unworthy, gods! of your debate:
Let men their days in senseless strife employ;
We, in eternal peace and constant joy.
Though, goddess-mother, with our sire comply,
Nor break the sacred union of the sky;
Lest, rous'd to rage, he shake the blest abodes,
Launch the red lightning, and dethrone the gods.
If you submit, the Thunderer stands ap-
peas'd:
The gracious power is willing to be pleas'd, 750
Thus Vulcan spoke; and rising with a bound,
The double bowl with sparkling nectar crown'd,

শুনিয়া ভয়েতে দেবী না কৈলা
উত্তর।
ত্রাসেতে নীরব হন যতেক অমর ॥
উৎসব হৈল ভঙ্গ বল্ক্যান উন্মনা।
হেরি দেব গণে ভয় মায়ের লাঞ্ছনা ॥
বিরোধ মাচয় সবে আনন্দেতে রহে।
এই অভিপ্রায়ে বল্ক্যান কৃষ্টা কহে॥ ৭৪০
শুন দেব গণ হেরি দানব কলহ।
তোমাদের যোগ্য নহে বিবাদ করহ॥
নর লোক কাল ক্ষেপ করুক বিবাদে।
সদা যেন থাকি মোরা মনের আহ্লাদে॥
ওগো মাতা শুন মম পিতার বচন।
দেবের ঐক্যতা নাহি করিও ছেদন॥
বজ্রাঘাত করিবেন হয়ে ক্রোধান্বিত।
দেবতা হারাবে পদ ত্রিদিব কম্পিত॥
যদি নত হও বজ্রী না রবেন
রুষ্ট।
কৃপাময় দেব তিনি হবেন সন্তুষ্ট॥ ৭৫০
ইহা কহি বল্ক্যান উঠিল লম্ফ দিয়া।
পান পাত্র লইলেক অমৃতে পূরিয়া॥

Which held to Juno in a cheerful way,
Goddess (he cried,) be patient and obey:
Dear as you are, if Jove his arm extend,
I can but grieve, unable to defend.
What god so daring in your aid to move,
Or lift his hand against the force of Jove!
Once in your cause I felt his matchless might,
Hurl'd headlong downward from th' ethereal
height; 760
Toss'd all the day in rapid circles round;
Nor till the sun descended, touch'd the ground:
Breathless I fell, in giddy motion lost;
The Sinthians raised me on the Lemnian coast.
He said, and to her hands the goblet heav'd,
Which, with a smile, the white-arm'd queen
receiv'd.
Then to the rest he fill'd; and, in his turn,
Each to his lips applied the nectar'd urn,
Vulcan with awkward grace his office plies,
And unextinguish'd laughter shakes the skies. 770

জুনোর নিকটে দেন প্রফুল্ল অন্তরে।
কহে ধৈর্য্য হও দেবি মান জুপিটরে॥
মাতা তুমি বটে যদি বৈরি হন জোব।
রক্ষণে অক্ষম হব হবে মাত্র ক্ষোভ॥
এমন সাহসী কোন আছয়ে দেবতা।
জোব প্রতিকূলে তব করে সহায়তা॥
তব জন্য জেনেছি অতুল্য তার বল।
স্বর্গ হৈতে বেগে মোরে ফেলিলা
ভূতল॥ ৭৬০
সমস্ত দিবস শূন্যে হইয়া ঘূর্ণিত।
ভানু অস্ত গেল ভূমে হলেম পতিত॥
নিঃশ্বাস না বহে পড়ি অচেতন হয়ে।
সিন্থিয়েনেরা লেমসে গেল মোরে লয়ে॥
ইহা কহি দেবী হস্তে সুধা পাত্র দিলা।
ঈষৎ হাসিয়া দেবী গ্রহণ
করিলা॥
তদন্তর আর যত ছিল দেব গণ।
একে একে সুধা পাত্র করিল গ্রহণ॥
বল্ক্যান বিকৃত রূপে বন্টন করিল।
হাস্যের ধ্বনিতে স্বর্গ কম্পিত হইল॥ ৭৭০

Thus the blest gods the genial day prolong,
In feasts ambrosial, and celestial song.
Apollo tun'd the lyre; the Muses round
With voice alternate aid the silver sound.
Meantime the radiant sun, to mortal sight
Descending swift, roll'd down the rapid light.
Then to their starry domes the gods depart,
The shining monuments of Vulcan's art;
Jove on his couch reclin'd his awful head,
And Juno slumber'd on the golden bed. 730

END OF BOOK I.

এইরূপে দেবগণ হয়ে পুলকিত।
উৎসব যজ্ঞেতে মত্ত করেন সঙ্গীত ॥
বীণা যন্ত্র লয়ে দেব আপলো বাজান।
নর্ত্তকী দেবীরা করে সুমধুর গান ॥
দিবা অবসান হৈল অস্ত দিবাকর।
মানবের হৈল ভানু দৃষ্টি অগোচর ॥
নক্ষত্র আলয়ে সবে করেন প্রস্থান।
যে আলয় বল্ক্যান করেন নির্ম্মাণ ॥
খট্টাতে শয়ন কৈলা দেব জুপিটর।
জুনো নিদ্রা যান স্বর্ণপর্য্যঙ্ক উপর ॥ ৭৮০

প্রথম অধ্যায়ঃ সমাপ্তঃ